কবে কোন মহাদেশের বিশ্বকাপ বাছাই শুরু

কাতারে লিওনেল মেসিদের বিশ্বকাপ জয়ের রেশ এখানো কাটেনি। এরই মধ্যে ২০২৬ বিশ্বকাপের ভেন্যু, দল সংখ্যা, মহাদেশ ভিত্তিক দল সংখ্যা নির্ধারণ, ম্যাচ সংখ্যা, টিকিট বিক্রির প্রক্রিয়া চূড়ান্ত। এমনকি ঘোষণা করা হয়েছে বিভিন্ন মহাদেশের ২০২৬ বিশ্বকাপ বাছাইয়ের সূচিও।

ঘোষিত সেই সূচি বলছে, যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডার যৌথ আয়োজনের ২০২৬ বিশ্বকাপের বাছাই যুদ্ধ সবার আগে শুরু হবে এশিয়া মহাদেশে। এশিয়ার বাছাই যুদ্ধ শুরু হবে এই বছরই, অর্থাৎ ২০২৩ সালেরই অক্টোবরে। শেষ হবে ২০২৫ সালের অক্টোবরে। এশিয়ার ঠিক পরপরই শুরু হবে দক্ষিণ আমেরিকা মহাদেশের বাছাই যুদ্ধ। কনমেবল অঞ্চলের বাছাই যুদ্ধ শুরু হবে ২০২৩ সালের সেপ্টেম্বরে, শেষ হবে ২০২৫ সালের সেপ্টেম্বরে।

উত্তর আমেরিকা মহাদেশের বাছাই যুদ্ধ শুরু হবে ২০২৪ সালের মার্চে, শেষ হবে ২০২৫ সালের নভেম্বরে। মজার বিষয় হলো, এশিয়া, দক্ষিণ আফ্রিকা, উত্তর আমেরিকা অঞ্চলের বাছাই যুদ্ধ যখন শেষের পথে থাকবে, ইউরোপের বাছাই যুদ্ধ তখন শুরু হবে। ইউরোপের বাছাই যুদ্ধ যে শুরু হবে ২০২৫ সালের মার্চে। শেষ হবে ২০২৫ সালেরই নভেম্বরে। মানে মাত্র ৮ মাসেই শেষ হবে ইউরোপের বাছাইপর্বের লড়াই! অথচ এই ইউরোপ থেকেই বিশ্বকাপে সুযোগ পাবে সবচেয়ে বেশি ১৬টি দেশ।

আফ্রিকা ও ওশেনিয়া অঞ্চলের বাছাই যুদ্ধের শুরুর তারিখ এখনো ঘোষণা করা হয়নি। তবে খুব শিগিগরই হয়তো সেই ঘোষণা এসে যাবে। দ্বিতীয় সর্বোচ্চ ৯টি দেশ সুযোগ পাবে আফ্রিকা মহাদেশ থেকে। এশিয়া থেকে সরাসরি বিশ্বকাপে যাবে ৮টি দেশ। দক্ষিণ ও উত্তর আমেরিকা থেকে সমান ৬টি করে দেশ সরাসরি জায়গা করে নেবে বিশ্বকাপের মূল মঞ্চে। ওশেনিয়া অঞ্চল থেকে সরাসরি জায়গা পাবে একটি দেশ। সঙ্গে তিন স্বাগতিক দেশ যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডা অংশ নেবে সরাসরি। তাদের বাছাই যুদ্ধে নামতে হবে না। এছাড়া বাকি দুটি দল উঠবে আসবে প্লে-অফ থেকে। সব মিলে ২০২৬ বিশ্বকাপ হবে ৪৮ দলের। টুর্নামেন্টে ম্যাচ হবে মোট ১০৪টি!

সূত্র: ইত্তেফাক

বৃহস্পতিবার শুরু হচ্ছে নারী ডিপিএল

কদিন আগেই শেষ হয়েছে ঘরোয়া ক্রিকেটের সবচেয়ে বর আসর ঢাকা প্রিমিয়ার লিগ (ডিপিএল)। এবার শুরু হতে যাচ্ছে নারী ডিপিএলের আসর। আগামী বৃহস্পতিবার (২৫ মে) থেকে মাঠে গড়াবে নারী ডিপিএলের আসর।

ঢাকার তিন মাঠে অনুষ্ঠিত হবে এবারের নারী ডিপিএল। বিকেএসপির ১ আর ৩ নম্বর মাঠ এবং ফতুল্লার খান সাহেব ওসমান আলী স্টেডিয়ামে হবে আসরের সবগুলো ম্যাচ।

এখনও টুর্নামেন্টের পুরো সূচি প্রকাশ করেনি বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। বৃহস্পতিবার টুর্নামেন্টের উদ্বোধনী দিন বিকেএসপির ৩ নম্বর মাঠে মুখোমুখি হবে মোহামেডান স্পোর্টিং ক্লাব ও কলাবাগান। অন্য দুই মাঠে দুই ম্যাচে মুখোমুখি হবে রুপালী ব্যাংক ক্রীড়া পরিষদ-গুলশান ইয়ুথ ক্লাব এবং বিকেএসপি-সিটি ক্লাব।

১১টি দল নিয়ে টুর্নামেন্ট হওয়ার কথা থাকলেও শেষ পর্যন্ত ৯ দল নিয়েই মাঠে গড়াবে নারী ডিপিএল। শেষ মুহূর্তে এসে টুর্নামেন্ট থেকে নাম প্রত্যাহার করে নেয় অ্যাজাক্স ও শেখ রাসেল।

শেষ মুহূর্তে এসে দল দুটি সরে যাওয়ায় জাতীয় দলের পেসার জাহানারা আলম ক্ষুব্ধ হয়ে বলেছিলেন, ‘দুইটা টিম খেলতে আসছে না, এটা উইমেন্স ক্রিকেটের জন্য খুবই খারাপ একটা বিষয়। প্রত্যেকটা প্লেয়ার কিন্তু সারাবছর আশা নিয়ে থাকে। অক্লান্ত পরিশ্রম করে তারা। নিজেদের টাকা ইনভেস্ট করে ট্রেইনিং করে, কিন্তু তারা সেরকম স্বাবলম্বীও নয়। আপনারা জানেন যারা ন্যাশনাল প্লেয়ার, শুধুমাত্র তারাই মোটামুটি স্বাবলম্বী।’

সূত্র: ইত্তেফাক

দর্শনা সীমান্তে ভলিবল খেলায় বিজিবিকে হারিয়ে -বিএসএফ চাম্পিয়ান

দর্শনা আন্তজার্তিক জয়নগর সীমান্তে বিজিবি- বিএসএফের মধ্যে এক প্রীতি ভলিবল খেলা অনুষ্টিত হয়েছে।

জানাগেছে গতকাল সোমবার বেলা ৩ টার দিকে জয়নগর সীমান্তের ৭৭নং পিলালের ৫শ গজ বাংলাদেশের ভিতরে শৃন্য রেখায় এ ভলিবল প্রীতি ম্যাচটি অনুষ্টিত হয়। এ প্রীতি ভলিবল খেলায় বিএসএফ-২-১ ব্যাবধানে বিজিবিকে পরাজিত করে।

চুয়াডঙ্গা ৬ বিজিবির আমন্ত্রণে গতকাল সোমবার বেলা ৩ টায় দর্শনা সীমান্তের মেইন পিলালের ৭৬ /৭৭ নং দিয়ে বি এসএফের ১২ সদ্যস্যার ভলিবল দল অফিসার ১৩ সদস্যসহ বাংলাদেশে প্রবেশ করে।

এ সময় চুযাডাঙ্গা ৬ বিজিবির পক্ষে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ৬ বিজিবির পরিচালক সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান পি এস সি, মেডিক্যাল অফিসার খন্দকার আশিকুল আরেফিন, এডিসোনাল অফিসার শেখ মোঃ ইমরান আলী, দর্শনা কোম্পানী কমন্ডার জহির আহম্মেদ, দর্শনা আইসিপি কমান্ডার আব্দুল জলিল, বিওপি কমান্ডার আব্দুল জলিল বিওপি কমান্ডার মোজাম্মেল হক, এডমিন স্টাফ আবু নাসির, এডমিন স্টাফ আবুল কালাম আজাদ, মিনহাজ উদ্দীন, ডিনারুল ইসলাম, তমাল উদ্দীন, বিএসএফের ৫৪ ব্যাটেলিয়নের পক্ষে উপস্থিত ছিলেন, বি এসএফের সেকেন্ড ইন কমান্ড হার মেট শিং সানি, সেকন্ড অফিসার জগোদেব শিং, ডেপুটি কমান্ড সুনীল পায়েল, সহকারী কোম্পানী কমান্ডার শ্রী নোগেনদ্র পাল, সহকারী অফিসার শ্রী মহেশ, বিএসএফের ক্যাম কমান্ডার শ্রী মোজন্দার, মেডিকেল অফিসার বরুন কুমার, এ এস আই শামীম, এডিএম স্টাফ জে মজুমদার, অফিস স্টাফ শ্রী প্রতাপ প্রমুখ।

খেলা শেষে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা ৬ বিজিবির পরিচালক সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান পি এস সি, বলেন প্রীতি ভলিবল খেলার মধ্য দিয়ে দুই বাহিনীর মধ্যে বিরাজমান সৌহাদ্যপূর্ণ সম্পর্ক আরো জোরদার হবে। খেলা শেষে দুই দেশের বাহীনীর মধ্যে ট্রফি তুলে দেন খেলোয়াড়দের মাঝে।

দামুড়হুদায় মাদক বিরোধী প্রীতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

“চলো যাই যুদ্ধে, মাদকের বিরুদ্ধে” এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদায় মাদক বিরোধী প্রীতি ফুটবল টুর্নামেন্ট ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বিকাল ৩ টার সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে শেখ রাসেল মিনি স্টেডিয়ামে মাদক বিরোধী প্রীতি ফুটবল টুর্নামেন্টে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন।

এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, চলো যাই যুদ্ধে মাদকের বিরুদ্ধে, খেলাধুলায় বাড়ে বল, মাদক ছেড়ে খেলতে চল। ফুটবল একটি জনপ্রিয় খেলা। মাদকের উপর আসক্তি কমানোর জন্যই মূলত এই মাদক বিরোধী প্রীতি ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে। চুয়াডাঙ্গার ফুটবলের একটি ঐতিহ্য রয়েছে। এর হারানো ঐতিহ্যকে ফিরিয়ে আনতে হবে। খেলাধুলা করলে মন ও শরীর উভয় ভালো থাকে। খেলাধুলা মাদক থেকে দূরে রাখে। সবারই নিয়মিত খেলাধুলা করা প্রয়োজন। মাদকের কড়াল থাবা থেকে বাঁচতে আগামী প্রজন্মকে মাদক থেকে দূরে রাখতে নিয়মিত খেলাধুলার আয়োজন করতে হবে। আপনার সন্তানদের নিয়মিত খোঁজ খবর নিবেন। তাদেরকে খারাপ সঙ্গ ত্যাগ করিয়ে খেলাধূলার প্রতি মনযোগের জন্য সবাইকে উদাত্য আহবান জানান। জেলায় মাদকে জিরো টলারেন্স ঘোষণা করেন, এরই ধারাবাহিকতায় আগামীতে জেলার সবাইকে নিয়ে ডিসি গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের

আয়োজন করা হবে বলে তিনি বলেন। মাদকে যারা জড়িয়ে গেছেন তারা তিলে তিলে নিঃশ্বেস হয়ে যাবে। মাদকের কারনে কিশোর গ্যাং চুরি ছিন্তাই বৃদ্ধি পায়। এসময় তিনি খেলার আয়োজক কমিটিকে ধন্যবাদ জানান।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় বিশেষ অতিথি ছিলেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শরিয়ত উল্লাহ, অতিরিক্ত পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম, ওসি তদন্ত সফিউল আলম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আ: করিম বিশ্বাস, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, সদর ইউপি সদস্য সামসুল ইসলাম, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক শহীদ আজম সদু প্রমুখ।

খেলায় মোট ৪টি দল অংশ গ্রহণ করেন। তারা হলেন নতিপোতা ইউনিয়ন একাদশ, মদনা একাদশ, দামুড়হুদা সদর ইউনিয়ন একাদশ, কার্পাসডাঙ্গা একাদশ। একই দিনে সব দলের খেলা অনুষ্ঠিত হয়। প্রথম সেমিফাইনাল খেলায় নতিপোতা ইউনিয়ন একাদশ ২-০ গোলে মদনা ইউনিয়ন একাদশকে পরাজিত করে ফাইনালে ওঠে। পরে দামুড়হুদা ইউনিয়ন একাদশ ও কার্পাসডাঙ্গা ইউনিয়ন একাদশ এর মধ্যে খেলা অনুষ্ঠিত হয়। খেলায় কোন দল গোল করতে না পারায় খেলাটি শুন্য গোলে ড্র হয় এবং খেলাটি ট্রাইবেকার পর্যন্ত গড়ায়। ট্রাইবেকারে দামুড়হুদা একাদশ ০১ গোল করে এবং কার্পাসডাঙ্গা একাদশ ০৩ গোল দিয়ে ফাইনালে উতীর্ণ হন। পরে কার্পাসডাঙ্গা বনাম নতিপোতা একাদশের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলায় কার্পাসডাঙ্গা ইউনিয়ন একাদশ ১-০ গোলে নতিপোতা ইউনিয়ন একাদশকে হারিয়ে চাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করেন। রানার্সআপ হয় নতিপোতা ইউনিয়ন একাদশ। খেলা শেষে প্রধান অতিথি চাম্পিয়ান দলকে চাম্পিয়ান টফি ও রানার্সআপ দলকে রানার্সআপ টফি প্রদান করেন।

খেলায় প্রধান রেফারির দায়িত্ব পালন করেন সৈয়দ মাসুদুর রহমান খোকন, সহকারী রেফারি ছিলেন, ইউসুফ আলী এবং তিতুয়ার রহমান। খেলায় ধারাভাষ্য দেন উদীয়মান ধারাভাষ্যকার মো: শামীম খাঁন।

গায়ের রং দেখে পাকিস্তানের কোচ নির্বাচন করা হয় : রাজা

সর্বশেষ কোচ নির্বাচনের সমালোচনা করে পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) সাবেক চেয়ারম্যান রমিজ রাজা বলেছেন গায়ের রং দেখে দলের প্রধান কোচ নির্বাচন করা হয়েছে।

পাকিস্তানের সাবেক এই অধিনায়কের মতে, স্থানীয় কোচদের প্রাপ্য সম্মান না দিয়ে গায়ের রং দেখে দলের কোচিংয়ের গুরু দায়িত্ব দেয়া হয়েছে বিদেশিদের।

সম্প্রতি দুই বছরের জন্য পাকিস্তান ক্রিকেট দলের প্রধান কোচের দায়িত্ব পেয়েছেন নিউজিল্যান্ডের গ্র্যান্ট ব্র্যাডবার্ন। পরিচালক হিসেবে পাকিস্তানের দায়িত্ব পালন করবেন ইংল্যান্ডের কাউন্টি দল ডার্বিশায়ারের প্রধান কোচ মিকি আর্থার। একইসঙ্গে ডার্বিশায়ার ও পাকিস্তানের সাথে কাজ করবেন আর্থার। এছাড়াও ব্যাটিং কোচ হিসেবে দক্ষিণ আফ্রিকার অ্যান্ড্রু পুটিক ও বোলিং বিভাগে প্রোটিয়া পেসার মরনে মরকেলকে কোচের দায়িত্ব দিয়েছে পিসিবি।

কোচিং প্যানেলে বিদেশিদের নিয়োগ নিয়ে গত বছরের ডিসেম্বরে পিসিবির বর্তমান চেয়ারম্যান নাজাম শেঠি বলেছিলেন, ‘স্থানীয় কোচরা পেশাদার নন। পাকিস্তানের তারকারা খেলোয়াড়দের কোচিং করাতে পারেন না। একজন বিদেশি কোচ স্বজনপ্রীতি ও পছন্দের খেলোয়াড় দলে নেবে না। কিন্তু আমাদের স্থানীয় কোচরা সেটি করবে, কারণ এটি আমাদের সংস্কৃতিতে আছে।’

শেঠির ঐ কথার প্রেক্ষিতে অবশেষে মুখ খুললেন রাজা। পাকিস্তানের নিউজ পোর্টাল ক্রিকেটপাকিস্তান ডটকমকে তিনি বলেন, ‘পাকিস্তানি কোচদের ব্যবহার না করাটা অন্যায়। আপনি যদি তাদের কোচ হিসেবে নিয়োগ দিতে না পারেন, অন্তত তাদের সম্মান দেন। আপনি এটা বলতে পারেন না, তারা কাজ পারে না এবং রাজনীতি করে।’

বর্তমান প্রধান কোচ ব্র্যাডবার্নের সমালোচনা করে রাজা বলেন, ‘পিসিবি একজন প্রধান কোচ নির্বাচন করেছে, যার কিনা ক্রিকেট

সার্কিটে কোন অভিজ্ঞতা নেই।’

রাজা আরও বলেন, ‘আমাদের পুরো দল তাকে দিয়েছে পিসিবি। কারন তার গায়ের রং আমাদের থেকে আলাদা। তারা বিশ্বাস করে, সে কোন রাজনীতি করবে না। একজন নিম্নস্তরের মানসিকতার মানুষ এমনটি ভাবতে পারে। সিস্টেম এবং কোচদের সম্মান করুন। কোচের গায়ের রং যদি আপনার মত হয় তাহলে ধরে নিবে রাজনীতি করবে।’

সূত্র: ইত্তেফাক

ফের কোয়াব সভাপতি দুর্জয়, সাধারণ সম্পাদক দেবব্রত

ক্রিকেটার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (কোয়াব) বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন ছিল আজ। প্রায় ১০ বছর পর ক্রিকেটারদের জন্য গঠিত এ সংগঠনের নির্বাচন অনুষ্ঠিত হলো। তবে নির্বাচন প্রক্রিয়া ছাড়ায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় সংগঠনটির ফের সভাপতি হলেন নাঈমুর রহমান দুর্জয়, সাধারণ সম্পাদক দেবব্রত পাল।

মিরপুর শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে কোয়াবের প্রথম এজিএম শুরু হয়। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সভাপতি নাজমুল হাসান পাপন। এছাড়াও উপস্থিত ছিলেন বেশ কয়েকজন বিসিবি পরিচালক।

অনুষ্ঠানে বর্তমান ও সাবেক মিলিয়ে প্রায় ১ হাজার ক্রিকেটার উপস্থিত ছিলেন। তবে ছিলেন না তামিম ইকবাল ও সাকিব আল হাসান। এর আগেও সংগঠনটির সভাপতি ছিলেন নাঈমুর রহমান দুর্জয়। আর সাধারণ সম্পাদক দেবব্রত পাল।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উন্মোচিত হলো ২০২৬ বিশ্বকাপের লোগো

ফুটবল বিশ্বকাপের পরবর্তী আসর বসবে ২০২৬ সালে। এই আসর যৌথভাবে আয়োজন করবে যুক্তরাষ্ট্র, মেক্সিকো এবং কানাডা। বিশ্বকাপের অনেক সময় বাকি থাকলেও আসরটির লোগো উন্মোচন করেছে বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফা।

বুধবার (১৭ মে) ২০২৬ বিশ্বকাপের লোগো উন্মোচন করেন ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো এবং ব্রাজিলিয়ান গ্রেট নাম্বার নাইন রোনালদো নাজারিও। ফুটবল বিশ্বকাপের সর্বশেষ আসরে অংশ নিয়েছিল ৩২ দল। তবে ২০২৬ বিশ্বকাপে অংশ নিবে ৪৮ দল। সেই বিশ্বকাপে ১৬টি ভেন্যুতে মোট ৮০টি ম্যাচ অনুষ্ঠিত হবে।

লোগো উন্মোচন অনুষ্ঠানে ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো বলেন, ‘এটি এমন একটি মুহূর্ত যেখানে তিনটি দেশ এবং একটি সমগ্র মহাদেশ সম্মিলিতভাবে বলে যে, আমরা বিশ্বকে স্বাগত জানাতে এবং সর্বকালের সর্ববৃহৎ ও সবচেয়ে বেশি দল নিয়ে ফিফা ওয়ার্ল্ডকাপ উপহার দিতে চলেছি। এই টুর্নামেন্ট আয়োজক দেশ এবং অংশগ্রহণকারীদের ইতিহাসের পাতায় নাম লেখানোর সুযোগ করে দিচ্ছে।’

সূত্র: ইত্তেফাক

চির প্রতিদ্বন্দ্বী এসি মিলানকে হারিয়ে ১৩ বছর পর

ফাইনালে ইন্টার

চ্যাম্পিয়নস লিগের হাই ভোল্টেজ ‘মিলান ডার্বি’ সেমিফাইনালের দ্বিতীয় লেগে চির প্রতিদ্বন্দ্বী এসি মিলানকে ১-০ গোলে হারিয়ে ১৩ বছর পর ফাইনালে উঠলো ইন্টার মিলান। আগের লেগে ২-০ গোলে এগিয়ে থাকার পর দুই লেগ মিলিয়ে ৩-০ গোলের অগ্রগামিতায় ইউরোপ সেরার ফাইনালের মঞ্চে পা রাখলো ইন্টার।

মঙ্গলবার (১৬ মে) দিবাগত রাতে সান সিরোতে সেমিফাইনালের ফিরতি লেগে স্বাগতিক হিসেবে মাঠে নামে ইন্টার মিলান। প্রথম লেগে একই মাঠে অতিথি হয়ে গিয়েও ২-০ গোলের জয় নিয়ে ফিরেছিলো নেরাজ্জুরিরা। এবার দ্বিতীয় লেগেও আর্জেন্টাইন বিশ্বকাপজয়ী ফরোয়ার্ড লাউতারো মার্টিনেজের গোলে ১-০ গোলের জয় নিয়েই মাঠ ছাড়ে ইন্টার।

২০০৯-১০ মৌসুমের পর এই প্রথমবার চ্যাম্পিয়নস লিগের ফাইনালে উঠলো ইতালিয়ান ক্লাবটি। শেষবার ফাইনালে উঠে শিরোপাও নিজেদের করে নিয়েছিলো ইন্টার। এবারও কি তেমন কিছুর পুনরাবৃত্তি ঘটবে কিনা সেটি সময়ই বলবে।

প্রথম লেগে ২-০ গোলে জিতে থাকায় ইন্টারের ফাইনালে যাওয়ার রাস্তাটা অনেকটা সহজই ছিলো। আর এসি মিলানের ফাইনালে যেতে হলে অভাবনীয় কিছু করতে হতো। সেটি অবশ্য আর পারেনি রোজ্জোনেরিরা।

ম্যাচের শুরু থেকেই আক্রমণ-প্রতি আক্রমণে খেলা হয় দুই দলের মধ্যে। এসি মিলানের ওপর চড়াও হতে চেয়েছিলো ইন্টার। অনবেক চেষ্টা করেও প্রথমার্ধে গো, আদায় করতে পারেননি কোনো দল।

দ্বিতীয়ার্ধেও মনে হচ্ছিলো গোলশূন্য সমতাতেই শেষ হবে দ্বিতীয় লেগের খেলা। তবে ৭৪ মিনিটে মার্টিনেজের গোলে নিশ্চিত হয়ে যায় ইন্টারের ফাইনাল। প্রতি-আক্রমণে ওঠা রোমেলু লুকাকুর কাছ থেকে বল পান মার্টিনেজ। প্রথম চেষ্টায় বল জড়াতে না পারলেও ফিরতি বল পেয়ে আর ভুল করেননি আর্জেন্টাইন এই তারকা।

মার্টিনেজের গোলেই ১-০ গোলে জিতে দুই লেগ মিলিয়ে ৩-০ গোলের অগ্রগামিতায় ফাইনাল নিশ্চিত হয় ইন্টার মিলানের। বুধবার (১৭ মে) রিয়াল মাদ্রিদ আর ম্যানচেস্টার সিটির মধ্যকার আরেক সেমিফাইনালের জয়ী দলের বিপক্ষে ইউরোপ সেরা হওয়ার লড়াইয়ে নামবে ইতালির দলটি।

সূত্র: ইত্তেফাক

ছয় সপ্তাহের জন্য মাঠের বাইরে সাকিব

ইংল্যান্ডের চেমসফোর্ডে গতকাল আয়ারল্যান্ডের বিপক্ষে সিরিজের তৃতীয় এবং শেষ ওয়ানডে ম্যাচ খেলতে নেমেছিল বাংলাদেশ। আর এই ম্যাচে টাইগাররা খেলতে নেমেছিল বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসানকে ছাড়াই। আর এর কারণ হিসেবে জানা গিয়েছে এর আগের ম্যাচে ফিল্ডিংয়ের সময় ডান হাতের আঙুলে চোট পেয়েছিলেন সাকিব।

তৃতীয় ম্যাচের আগে আঙুলের চোট না সাড়ায় তাকে এ ম্যাচে দলের বাইরে রাখা হয়। এক সংবাদ বিজ্ঞপ্তিতে ম্যাচের আগে সাকিবের চোট পাওয়ার বিষয়টি নিশ্চিত করে বিসিবি।

জানা গেছে এ চোটের কারণে ছয় সপ্তাহের জন্ মাঠের বাইরে থাকতে হতে পারে সাকিবকে। আগামী মাসে আফগানিস্তান সিরিজেও এই অলরাউন্ডারকে দলে পাওয়া নিয়ে দাঁড়িয়েছে অনিশ্চয়তা। গত শনিবার সাকিবের চোট নিয়ে বিসিবি ফিজিও বায়েজিদুল ইসলাম খান বলেছেন, ‘এক্সরে রিপোর্টে দেখা গিয়েছে সাকিবের তর্জনীতে চিড় ধরা পড়েছে। এ ধরনের চোট থেকে সুস্থ হতে কম পক্ষে ছয় সপ্তাহর মতো সময় লাগে।’

এর আগে আইরিশদের বিপক্ষে গত শুক্রবার দ্বিতীয় ওয়ানডেতে ফিল্ডিংয়ের সময় ডান হাতের আঙুলে চোট পান সাকিব। মিরাজের বলে জর্জ ডকরেলের ক্যাচ ধরতে গিয়ে ব্যথা পান। পরে ফিল্ডিং করেছেন, ব্যাটিংও করেছেন। তাতে চোট আরো বেড়েছে। টাইগারদের হয়ে এবারের ইংল্যান্ড সফরে দুই ওয়ানডেতে সাকিবের পারফরম্যান্স খুব একটা ভালো হয়নি। প্রথম ওয়ানডেতে ২০ রান করেন তিনি, তবে ঐ ম্যাচে বোলিংয়ে আসার আগে বৃষ্টি নামে। পরে দ্বিতীয় ম্যাচে মাত্র ২৬ রান করেন। এছাড়া বল হাতেও পারেননি কোনো উইকেট শিকার করতে।

সূত্র: ইত্তেফাক